৬|৩|২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১২... কলাম... ২.......

দৈনিক জনকণ্ঠ

### ঢাবির দু'টি নতুন হল উদ্বোধন

# শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্য রাজনীতি নয়, দায়ী সামরিক শাসন ॥ প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্য দায়ী রাজনীতি নয়, সামরিক শাসন। কারণ সামরিক জান্তাগুলো নিজেদের অবৈধ ক্ষমতা বৈধ করার জন্য ছাত্রদের হাতে অস্ত্র তুলে দিয়ে দেশের শিক্ষাঙ্গনের পরিবেশ নষ্ট করেছে। তারাই আবার এজন্য দায়ী করেছে রাজনীতিকে। বাস্তবতা হচ্ছে আমাদের স্বাধীনতা, গণতন্ত্রসহ সকল অর্জনই এসেছে রাজনৈতিক আন্দোলন থেকে। রাজনীতি কখনই সন্ত্রাসের জন্ম দেয়নি। সোমবার বিকালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের দু'টি নতুন হলের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে অনুষ্ঠিত এই উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল

(১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)



*প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা বিশ্ববিদ্যালয়ে অমর একুশে ও শেখ ফজিলাতুন্নেছা ভবন উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন* —জনকণ্ঠ

## শিক্ষাঙ্গনে সন্ত্রাসের

(১২-এর পাতার পর)

হাসেম, রেজিস্ট্রার মোহাম্মদ সেলিম। ভিসি একে আজাদ চৌধুরী এতে সভাপতিত্ব করেন। মানপত্র পাঠ করেন কর্মচারী ইউনিয়নের সভাপতি সিকদার ভুলু মিয়া। এর আগে প্রধানমন্ত্রী হল দু'টির উদ্বোধন ফলক উন্মোচন করেন। হল দু'টির মধ্যে একটি ছাত্রী হল— যা নিউমার্কেট সংলগ্ন কুয়েত মৈত্রী হলের পাশে নির্মিত হয়েছে। ৫০৮ শয্যাবিশিষ্ট হলের নামকরণ করা হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিনী বেগম ফজিলাতুন্নেসা মুজিবের নামে। হলের নির্মাণ ব্যয় সোয়া ৮ কোটি টাকা। নিমতলীতে ফজলুল হক হলের পাশে নির্মাণ করা হয়েছে ৫০০ শয্যাবিশিষ্ট ছাত্র হল। নামকরণ করা হয়েছে অমর একুশে হল। এই হলের নির্মাণ কাজে ব্যয় হয়েছে ৭ কোটি ৪১ লাখ টাকা। মাত্র ৭ মাস ২০ দিন আগে প্রধানমন্ত্রী এই হল দু'টির নির্মাণ কাজ শুরু করিয়ে ছিলেন। এত দ্রুত নির্মাণ কাজ সমাপ্ত হওয়ায় তিনি গভীর সন্তোষ প্রকাশ করেন।

ক্ষমতা গ্রহণের পর গত ৪ বছর ১০ মাসে এ নিয়ে প্রধানমন্ত্রী ১১ বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে গেলেন। অতীতে কোন সরকারপ্রধানের এতবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যাওয়ার রেকর্ড নেই। ছাত্রদের প্রতিরোধের কারণে কোন কোন সরকারপ্রধান ক্যাম্পাসেই যেতে পারেননি। তবে গণতান্ত্রিক ছাত্রঐক্য প্রধানমন্ত্রীর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যাওয়ার প্রতিবাদে এই দিন দুপুরে মিছিল বের করেছে। অন্যদিকে ছাত্রলীগ প্রধানমন্ত্রীকে স্বাগত জানিয়ে মিছিল করেছে।